অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জাভিটস সেন্টার সম্প্রসারণের কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন

ডিজাইন-বিল্ড প্রকল্প COVID সম্পর্কিত চ্যালেঞ্জ সত্ত্বেও বাজেট অনুযায়ী থেকেছে

নতুন অত্যাধুনিক শিল্পের স্থানগুলি আতিথেয়তা এবং পর্যটন শিল্পকে উৎসাহিত করবে

গভর্নর কুওমোর মিডটাউন ওয়েস্ট রিডেভেলপমেন্ট পরিকল্পনার মূল অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঐতিহাসিক 1.5 বিলিয়ন ডলারের জ্যাকব কে. জাভিটস কনভেনশন সেন্টারের (Jacob K. Javits Convention Center) সম্প্রসারণের নির্মাণ কাজ শেষ হওয়ার ঘোষণা করেন, যা নিউ ইয়র্ক স্টেটে ডিজাইন-বিল্ড প্রক্রিয়ার কার্যকারিতা এবং দক্ষতা প্রমাণ করে। বিশাল প্রকল্পটি, যা ম্যানহাটনের ওয়েস্ট সাইডে মোট ইভেন্ট সম্পর্কিত স্থানের 1.2 মিলিয়ন বর্গফুট যোগ করবে, COVID-19 সম্পর্কিত চ্যালেঞ্জ সত্ত্বেও বাজেটের মধ্যে সম্পন্ন হয়েছিল। জ্যাভিটস সেন্টারের সম্প্রসারণ, যা মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যস্ততম কনভেনশন সেন্টার হিসাবে পরিচালিত হয়েছে, গভর্নর কুওমোর একটি নেতৃস্থানীয় পর্যটন, আতিথেয়তা এবং ব্যবসায়িক গন্তব্য হিসাবে নিউ ইয়র্ক সিটির ভূমিকা অব্যাহত রাখার প্রচেষ্টাকে আরও অগ্রসর করে, এবং প্রকল্পটি মিডটাউন ওয়েস্ট পুনর্বিকাশ পরিকল্পনার (Midtown West redevelopment plan) একটি মূল অংশ হিসাবে কাজ করে, যার মধ্যে রয়েছে ছয় ব্লক সম্বলিত কনভেনশন সেন্টারের পিছনে পিয়ার 76 এর রূপান্তর।

"COVID-19 এর পর আমাদের অর্থনীতি পুনরায় চালু করার জন্য আমাদের পরিকাঠামোতে পুনরায় বিনিয়োগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জাভিটস সেন্টারের সম্প্রসারণ মানুষকে নিউ ইয়র্কে ফিরিয়ে আনতে এবং স্থানীয় ব্যবসাগুলিকে সহায়তা করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে," **গভর্নর কুওমো বলেন**। "COVID-19 ফিল্ড হাসপাতাল হিসেবে কাজ করা থেকে শুরু করে যুক্তরাষ্ট্রের বৃহত্তম টিকাকরণ কেন্দ্র পর্যন্ত, জাভিটস সেন্টার এম্পায়ার স্টেটের পুনরুদ্ধার এবং পুনরুত্থানের প্রতি তার গুরুত্ব প্রদর্শন করেছে এবং এই প্রকল্পটি নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যতে তাদের ভূমিকাকে আরও শক্তিশালী করে।"

প্রদর্শনী এবং মিটিং রুমের নতুন জায়গা, ছাদের একটি কাঁচে-ঢাকা প্যাভিলিয়ন এবং ইভেন্টের পরিচালনা ও যানযট হ্রাস করতে এমন একটি ট্রাক ব্যবস্থাপনার স্থাপনা সহ, অত্যাধুনিক সরঞ্জাম এবং সর্বাধুনিক প্রযুক্তি সহ ম্যানহাটনের ওয়েস্ট সাইডে সম্প্রসারিত জাভিটস সেন্টারে শতকরা 50

ভাগ বেশি বাড়ির সামনের দিকের (Front-of-house) এবং বাড়ির পিছনের দিকের এলাকা থাকবে (Back-of-house) থাকবে। উদ্ভাবনী ডিজাইন-বিল্ড প্রক্রিয়া এবং যথাযথ পরিকল্পনা এবং সমন্বয়ের জন্য ধন্যবাদ, 1.5 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি বাজেটের মধ্যে আছে গত বছর অপরিহার্য নয় এমন নির্মাণের রাজ্যব্যাপী স্থগিতাদেশের কারণে দুই মাসের কাজের ক্ষতি সত্ত্বেও। একটি প্যাভিলিয়ন, একটি বহিরঙ্গন ছাদ, একটি গ্রিনহাউস এবং এক একর খামার সহ প্রকল্পের ছাদের স্থানগুলি আগামী সপ্তাহগুলিতে শেষ হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "জাভিটস সেন্টার দীর্ঘদিন ধরে একটি গুরুত্বপূর্ণ শোপ্লেস হয়ে থেকেছে পথিকৃৎ, কোম্পানি এবং বিভিন্ন শিল্পের উদ্যোক্তাদের জন্য যারা নতুন শ্রোতা এবং মূল মার্কেটগুলির কাছে উদ্ভাবনগুলি তুলে ধরতে চান। নতুন ভাবে সম্পূর্ণ সম্প্রসারণ এবং আপগ্রেডগুলি নিশ্চিত করবে যে জাভিটস কনভেনশন এবং প্রিমিয়ার ইভেন্টগুলির জন্য একটি বিশ্বমানের গন্তব্য হিসাবে থাকবে, যা সারা বিশ্বের দর্শনার্থীদের একটি চিত্তাকর্ষক অভ্যর্থনা প্রদান করে।"

নিউইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশনের (New York Convention Center Operating Corporation) সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালান স্টিল, বলেন, "এক বছরেরও বেশি সময় ধরে অভূতপূর্ব চ্যালেঞ্জের পর, এই সম্প্রসারণ আমাদের শহর, আমাদের রাজ্য এবং আমাদের শিল্পের জন্য একটি গুরুত্বপূর্ণ সময়ে আসে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আশার প্রতীক এবং নবজন্ম হিসাবে কাজ করে। নতুন প্রগতিশীল স্থান এবং স্থায়িত্ব ও দক্ষতার উপর ফোকাস সহ, এই প্রকল্পটি আমাদের কার্যক্রম উন্নত করার সময় সম্প্রদায়ের উপর আমাদের প্রভাব হ্রাস করবে এবং আমাদের আগের চেয়ে একটি বৃহত্তর বৈচিত্রের ইভেন্ট হোস্ট করার অনুমতি দেবে।"

TVS এর প্রিন্সিপাল, রব স্বেদবার্গ, FAIA, বলেন, "জাভিটস সেন্টার একটি আইকনিক ল্যান্ডমার্ক এবং নিউ ইয়র্ক শহরের জন্য একটি অপরিহার্য অর্থনৈতিক ইঞ্জিন। এই সম্প্রসারণের সাথে, জাভিটস সেন্টার স্থায়িত্ব, প্রযুক্তি, নমনীয় ইভেন্টের স্থান এবং আশেপাশের এলাকায় ট্র্যাফিক ব্যাপকভাবে হ্রাস করার জন্য তার ধরণের প্রথম ট্রাক মার্শালিং ফেসিলিটির জন্য একটি নতুন শিল্পের মানদণ্ড স্থাপন করবে। শহরের সম্প্রসারণ থেকে শুরু করে অসাধারণ দৃশ্যগুলি আগে কখনও দেখা যায়নি এবং এটি একটি সম্পূর্ণ অনন্য অতিথিদের অভিজ্ঞতা তৈরি করবে যার সাথে বিশ্বের অন্য কোনও শহর মেলাতে পারে না।"

লেন্ডলিজ কনস্ট্রাকশন এলএমবি ইনকর্পোরেটেডের (Lendlease Construction LMB Inc.) প্রেসিডেন্ট স্টিভ সোমার বলেছেন, "লেন্ডলিজ টার্নার জয়েন্ট ভেঞ্চারের (Lendlease Turner Joint Venture) পক্ষ থেকে, আমরা জ্যাকব কে জাভিটস কনভেনশন সেন্টার সম্প্রসারণের ক্ষেত্রে আমাদের ক্লায়েন্ট, স্টেট অফ নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার ডেভেলপমেন্ট কর্পোরেশনের (New York Convention Center Development Corporation) জন্য যথেষ্ট সমাপ্তি

অর্জন করতে পেরে গর্বিত। লেন্ডলিজ টার্নার জয়েন্ট ভেঞ্চার এই আইকনিক কাঠামোটি তৈরি করতে পেরে সম্মানিত যা নিউ ইয়র্ক শহরকে পরবর্তী সহস্রাব্দে নিয়ে যাবে।"

টার্নার কনস্ট্রাকশন কোম্পানির (Turner Construction Company) ভাইস প্রেসিডেন্ট এবং জেনারেল ম্যানেজার ক্রিস জেগলার বলেছেন, "এই বিশ্বমানের সুবিধার সম্প্রসারণে মহান নিউ ইয়র্ক রাজ্য সেই সাথে লেন্ডলিজ, সমস্ত ডিজাইনের পেশাদার এবং বাণিজ্যর অংশীদারদের সাথে অংশীদারিত্ব করা একটি সম্মানের বিষয় হয়েছে। জ্যাকব কে জাভিটস কনভেনশন সেন্টারের ভবিষ্যৎ গঠনে সাহায্য করা এক অবিশ্বাস্য ফলপ্রসূ অভিজ্ঞতা হয়েছে।"

একটি 54,000 বর্গফুটের বিশেষ ইভেন্টের স্পেস সহ নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশন দ্বারা পরিচালিত সম্প্রসারিত জাভিটস সেন্টারে আরও প্রায় 200,000 বর্গফুটেরও বেশি নতুন মিটিং রুম এবং প্রি-ফাংশন জায়গা থাকবে - যা উত্তর-পূর্বের এই ধরণের স্থানের মধ্যে সর্ব বৃহৎ। নতুন প্রদর্শনী এবং মিটিং-এর জায়গাগুলোর সকল আলোক সজ্জা, হিটিং এবং কুলিং সিস্টেম ও ওয়্যারলেস সংযোগের সর্বশেষ প্রযুক্তি দিয়ে সজ্জিত হবে। নতুনভাবে-সম্প্রসারিত জাভিটস সেন্টারে 500,000 সংলগ্ন বর্গফুটের ইভেন্টের স্থানের বৈশিষ্ট্য উপস্থিত থাকবে, যা এই ফ্যাসিলিটিকে আন্তর্জাতিক ব্যবসায়িক সম্মেলনগুলিকে আকৃষ্ট করতে সহায়তা করবে। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির সাথে একটি নতুন প্রোগ্রামের অংশ হিসাবে নতুন এবং বিদ্যমান ছাদগুলিতে 3,000টিরও বেশি সৌর প্যানেল নির্মাণ করা হবে।

এই সপ্তাহের শুরুতে গভর্নর কুওমো ঘোষণা করেছেন, 19 মে থেকে শুরু করে, রাজ্যের স্বাস্থ্য বিভাগ কর্তৃক প্রতিষ্ঠিত প্রোটোকলের সাথে একযোগে, জাভিটস সেন্টারকে স্থানে সুরক্ষার বিধিনিষেধ সহ 30 শতাংশ ক্ষমতাসম্পন্ন অনুষ্ঠান আয়োজনের অনুমতি দেওয়া হবে, যেমন সামাজিক দূরত্ব এবং সমস্ত অংশগ্রহণকারীদের জন্য নির্দিষ্ট প্রবেশ এবং প্রস্থানের পয়েন্ট।

13 জানুয়ারি থেকে জাভিটস সেন্টার রাজ্যের স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের (New York National Guard) সাথে একযোগে রাজ্যের বৃহত্তম টিকাকেন্দ্র পরিচালনা করেছে, যা 500,000 টিরও বেশি টিকাকে টিকা সরবরাহ করে। কনভেনশন সেন্টারের বিশাল আকারের কারণে, টিকাকরণ কেন্দ্রের কার্যক্রম অব্যাহত থাকার সময় উপলব্ধ স্থানগুলিতে ইভেন্টগুলির পরিচালনা করার অনুমতি দেওয়া হবে। এছাড়াও জাভিটস সেন্টার একটি অত্যাধুনিক সম্প্রচার স্টুডিও নির্মাণ করেছে, যা ভার্চুয়াল এবং হাইব্রিড ইভেন্টগুলি হোস্ট করতে পারে।

জাভিটস সেন্টারটি গভর্নর কুওমোর বৃহত্তর মিডটাউন ওয়েস্ট পুনঃউন্নয়নের অংশ, যা 2021 সালের রাজ্যের অবস্থার এজেন্ডার অংশ হিসেবে ঘোষিত হয়েছে। নিউ ইয়র্ক স্টেট এর আগে নিউ ইয়র্ক সিটিতে বেশ কিছু সফল সামষ্টিক উন্নয়ন প্রকল্পের নেতৃত্ব দিয়েছে, যার মধ্যে রয়েছে ব্যাটারি পার্ক সিটি (Battery Park City), রুজভেল্ট দ্বীপ (Roosevelt Island) ও টাইমস স্কোয়ার (Times Square) এর রূপান্তর। সম্প্রতি খোলা মৈনিহান ট্রেন হল (Moynihan Train Hall) ছাড়াও, মিডটাউন ওয়েস্টের জন্য গভর্নর কুওমোর কল্পনার অন্যান্য উপাদানের মধ্যে রয়েছে, এম্পায়ার স্টেশন কমপ্লেক্স প্রকল্প (Empire Station Complex project), হাই লাইন সম্প্রসারণ

করা, পোর্ট অথরিটির বাস টার্মিনাল (Port Authority Bus Terminal) প্রতিস্থাপন করা এবং পিয়ার 76 কে একটি টো পাউন্ড থেকে একটি ওয়াটারফ্রন্ট পার্কে রূপান্তর করা। 51 বিলিয়ন মার্কিন ডলারের এই পরিকল্পনাটি 196,000টি কর্মসংস্থান, উন্নত পাবলিক ট্রানজিট ও পথচারীদের সংযোগ তৈরি করবে এবং ম্যানহাটনের আশেপাশের বাড়িতে বাণিজ্যিক ও সাশ্রয়ী মূল্যের আবাসন সুযোগ তৈরি করবে।

মার্চে, 418 11তম অ্যাভেনিউ এর বাণিজ্যিক এবং মিশ্র-ব্যবহারের উন্নয়নের জন্য একটি প্রস্তাবের অনুরোধ জারি করা হয়, যা মিডটাউন ম্যানহ্যাটানের পশ্চিম দিকের শেষ অবশিষ্ট খালি পার্সেল। আনুমানিক 1.2 একরের সাইট, যেটিকে সাইট কে হিসাবে উল্লেখ করা হয়, নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার ডেভেলপমেন্ট কর্পোরেশনের মালিকানাধীন - একটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর সহযোগী প্রতিষ্ঠান - এবং সরাসরি জাভিটস কনভেনশন সেন্টারের প্রধান প্রবেশদ্বারের পূর্ব দিকে অবস্থিত।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন